



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : dinajpureducationboard@gmail.com



তারিখ : ০৮/০৫/২০২২ খ্রি.

ই-গভর্ন্যান্স ও সেবা সহজিকরণ বিষয়ক সভার বিজ্ঞপ্তি

বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী অদ্য ০৮/০৫/২০২২ তারিখ রোজ রবিবার বিকাল ০৩:০০ ঘটিকার সময়ে সচিব মহোদয়ের দপ্তরে ই-গভর্ন্যান্স বিষয়ক প্রশিক্ষণ ও সেবা সহজিকরণ বিষয়ক প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়ে আলোচনা সভার আহ্বান করা হয়েছে। উক্ত সভায় সংশ্লিষ্ট সবাইকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিনীত অনুরোধ করা হলো।

০৮/০৫/২০২২

মোঃ হারুন-অর-রশীদ মন্ডল
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (উমা)

ও

ফোকাল পয়েন্ট কর্মকর্তা
(ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : dinajpureducationboard@gmail.com



উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কিত ইনোভেশন কমিটির ৬ষ্ঠ সভার কার্যবিবরণী

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, দিনাজপুরের ২০২১-২০২২ অর্থ বছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কিত সভা ০৮/০৫/২০২২ তারিখ বিকাল ০৩.০০ টায় সচিব প্রফেসর মোঃ জহির উদ্দিন এর সভাপতিত্বে তাঁর দপ্তরে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নবর্ণিত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

ক্র: নং	সদস্যগণের নাম, পদবি ও ঠিকানা	স্বাক্ষর
০১	প্রফেসর মোঃ জহির উদ্দিন সচিব, অত্র শিক্ষা বোর্ড ও ইনোভেশন টিম প্রধান।	
০২	প্রফেসর মোঃ ফারাজ উদ্দীন তালুকদার কলেজ পরিদর্শক ও অত্র শিক্ষা বোর্ড ও সদস্য, ইনোভেশন টিম।	
০৩	জনাব মোঃ আবু হেনা মোস্তফা কামাল বিদ্যালয় পরিদর্শক, অত্র শিক্ষা বোর্ড ও সদস্য, ইনোভেশন টিম।	
০৪	প্রফেসর মোঃ হারুন-অর-রশীদ মন্ডল উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (উমা), অত্র শিক্ষা বোর্ড ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ইনোভেশন টিম।	
০৫	মোঃ মানিক হোসেন উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্য), অত্র শিক্ষা বোর্ড ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ইনোভেশন টিম।	
০৬	মোঃ ইব্রাহিম আজাদ সহকারী সচিব, অত্র শিক্ষা বোর্ড ও সদস্য, ইনোভেশন টিম।	

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে আন্তরিক ধন্যবাদ জানান। সরকারের লক্ষ্য উন্নয়ন, প্রয়াস, নির্দেশনা বাস্তবায়নের জন্য অত্র শিক্ষা বোর্ডের সচিব মহোদয় ও ইনোভেশন টিমের প্রধান নাগরিক সেবা উদ্ভাবনী কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে বক্তব্য রাখেন। এরপর আলোচ্য বিষয়ের উপর আলোচনা শুরু হয়।

আলোচ্য বিষয় : ১ ॥ ২০২১-২০২২ অর্থ বছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কিত আলোচনা :

আলোচনা : সভার শুরুতে অত্র বোর্ডের সচিব ও ইনোভেশন টিমের প্রধান প্রফেসর মোঃ জহির উদ্দিন ২০২১-২০২২ অর্থ বছরের নাগরিক সেবা উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত বিষয়ে বলেন যে, নাগরিক সেবা উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নে গতিশীলতা বৃদ্ধি করা প্রয়োজন। এ লক্ষ্যে অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন নাগরিক সেবায় উদ্ভাবনী কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নে যারা প্রকৃত অবদান রাখছেন তাঁদের প্রণোদনা প্রদান ও উৎসাহ উদ্দীপনা বৃদ্ধির লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করার উপর গুরুত্ব আরোপ করেন। ইনোভেশন টিমের সদস্যদের সাথে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

চলমান পাতা- ০২


সিদ্ধান্ত :

- ১। ইনোভেশন কার্যক্রম বাস্তবায়নের জন্য বাজেট বরাদ্দ।
- ২। অনলাইন রেজিস্ট্রেশন সংশোধন এর কার্যক্রম চালু রাখা।
- ৩। ১৮/০৫/২০২২ তারিখে সেবা সহজিকরণ বিষয়ক ০১ দিনের ১টি প্রশিক্ষণ আয়োজন।
- ৪। ১৯/০৫/২০২২ তারিখে ই-গভর্ন্যান্স বিষয়ক ০১ দিনের ১টি প্রশিক্ষণ আয়োজন।

আলোচ্য বিষয় : ২ ॥ বিবিধ :

অত্র শিক্ষা বোর্ডে সেবা প্রদানে সম্মিলিতভাবে নৈতিকতা অনুসরণ ও চর্চার বিষয়ে উদ্ধুদ্ধকরণ ও সচেতনতা বৃদ্ধির পদক্ষেপ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে, সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি শিক্ষাবোর্ডের উত্তরোত্তর অগ্রগতি ও উন্নতির জন্য সভায় উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন এবং সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(প্রফেসর মোঃ জহির উদ্দিন)


সচিব

এবং

ইনোভেশন টিম প্রধান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর।



(প্রফেসর মোঃ হারুন-অর-রশীদ মন্ডল)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (উমাঃ)

ও

ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ইনোভেশন টিম

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর।